সংবাদ
তারিখ 30 JAN 2006
পৃষ্ঠা ১২ কলাম ৭

# চবি উপাচার্যের মেয়াদ বাড়ছে : বিএনপিপন্থী শিক্ষকরা ক্ষুব্ধ

প্রতিনিধি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

ঢাকায় মন্ত্রীদের জোর লবিং চালিয়েও কোন কূলকিনারা করতে পারেনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালিয়ের বিএনপিপন্থী শিক্ষকরা। জামায়াত আশীর্বাদপুষ্ট বর্তমান উপাচার্য এজেএম নুরুদ্দীন চৌধুরীর মেয়াদ আবারও বাড়নো হয়েছে বলে সূত্র জানিয়েছে। অন্যদিকে গত বছরের ১৩ নভেম্বর উপ-উপাচার্যের মেয়াদ শেষ হয়ে যাওয়ার পর এখন পর্যন্ত কাউকে এ পদে নিয়োগ দেয়া হয়নি। সব মিলিয়ে চরম হতাশ হয়ে পড়েছে বিএনপিপন্থী শিক্ষকরা। দলের অনেক ত্যাগী শিক্ষক নেতা উপাচার্যের মেয়াদ বাড়ানোর খবর শুনে দলীয় কর্মকাণ্ড থেকে নিষ্ক্রিয় থাকার চিন্তা-ভাবনা করছেন।

২০০২ সালের ২ ফেব্রুয়ারি প্রফেসর এজেএম নুরুদ্দীন চৌধুরী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্ব গ্রহণ করেন। ৪ বছর দায়িত্ব পালনের পর আগামী ২ ফেব্রুয়ারি তার মেয়াদ শেষ হয়ে

বাড়ছে : (পৃ: ১১ ক: ৮)

## বাড়ছে : মেয়াদ

(১২ পৃষ্ঠার পর)

যাবে। সূত্র জানায়, এজেএম নুরুদ্দীন চৌধুরী দায়িত্ব গ্রহণের পর থেকে বিশ্ববিদ্যালয়ের যেসব শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী নিয়োগ দেয়া হয়েছে তার দুই-তৃতীয়াংশের চেয়ে বেশি হচ্ছে জামায়াত-শিবির সমর্থক।

সূত্র জানায়, এজেএম নুরুদ্দীন চৌধুরীর মেয়াদ বাড়ানো হলেও উপ-উপাচার্যের মতো গুরুত্বপূর্ণ পদে কোন নিয়োগ দেয়া হচ্ছে না। একমাত্র বিএনপিপন্থী শিক্ষক প্রফেসর ড. মুহাম্মদ শামসুদ্দিনের মেয়াদ ২০০৫ সালের ১৩ নভেম্বর শেষ হয়ে যায়। কিন্তু ঐ পদে এখনও পর্যন্ত কাউকে দায়িত্ব দেয়া হয়নি।